ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২১৪০
খোয়াই,৫ আগস্ট,২০২৫

# খোয়াই জেলা হাসপাতাল পরিদর্শনে বনমন্ত্রী

বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ এবং বন দপ্তরের মন্ত্রী অনিমেষ দেববর্মা আজ খোয়াই জেলা হাসপাতাল পরিদর্শন করেন। পরিদর্শনকালে বনমন্ত্রী জেলা হাসপাতালের বিভিন্ন ওয়ার্ড সরেজমিনে ঘুরে দেখেন ও হাসপাতালের রোগীদের সাথে মতবিনিময় করেন। চিকিৎসা পরিষেবার খোঁজ নেন। পরিদর্শনকালে তিনি হাসপাতালের মেডিক্যাল সুপার ডা. অরিন্দম দেববর্মার সাথে হাসপাতাল সংক্রান্ত বিভিন্ন বিষয়ে মতবিনিময় করেন।

*****